সংবাদ

তারিখ ১১/৬/৮১
পৃষ্ঠা ... কলাম ...

# চরফ্যাসন কলেজে বি, এস-সি ক্লাস খোলা হোক

ভোলা মহকুমার দক্ষিণাঞ্চলের মধ্যে চরফ্যাসন একটি গুরুত্বপূর্ণ থানা শহর। এখানে অনেক স্কুল, মাদ্রাসা ও একটি কলেজ আছে। কলেজে ইন্টারমিডিয়েট ক্লাসে প্রতিবৎসর শত শত ছাত্র-ছাত্রী ভর্তি হয়। বিজ্ঞান বিভাগেই বেশীরভাগ ছাত্র-ছাত্রী অধ্যয়ন করে। ইন্টারমেডিয়েট পরীক্ষায় প্রতি বৎসর উল্লেখযোগ্য সংখ্যক ছাত্র-ছাত্রী পাস করে। কিন্তু কলেজে বি, এসসি ক্লাস না থাকায় বি, এসসি পড়ার জন্য ভোলা অথবা সুদূর বরিশাল যেতে হয়। যাদের আর্থিক অবস্থা ভাল নয়, তাদের পক্ষে বাড়ী ছেড়ে দূরে অবস্থান করে পড়াশুনা করা অত্যন্ত কষ্টকর, তাই তাদেরকে লেখাপড়া বাদ দিতে হয়, নতুবা ইচ্ছার বিরুদ্ধে হলেও বি এ। বি-কম ক্লাসে ভর্তি হতে হয়।

এদিকে শিক্ষা বিভাগের দৃষ্টি আকর্ষণ করছি।

১। মো: আকতার হোসেন (বাচ্চু
২। ফজলুর রশীদ (তারেক),
৩। কামরুন নাহার (শিউলী),
চরফ্যাসন কলেজ
একাদশ (বিজ্ঞান)
বরিশাল।

# চট্টগ্রাম কলেজ

চট্টগ্রাম কলেজ একটি ঐতিহ্যবাহী কলেজ। এখানে প্রায় ২৬00 ছাত্র-ছাত্রী পড়ে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শহর থেকে প্রায় ১৫ মাইল দূরে বলে অনার্স কোর্সে পড়ুয়া ছাত্র-ছাত্রীর সংখ্যা অনেক; কিন্তু এ কলেজে ছাত্র-ছাত্রীদের তুলনায় শিক্ষক অনেক কম। পাস ও সাবসিডিয়ারী পরীক্ষার্থীরা শিক্ষক স্বল্পতার দরুন ১ম বর্ষে এখন পর্যন্ত পাঁচটার বেশী সোশিওলজী ক্লাস করতে পারেনি। বর্তমানে যদিও একজন শিক্ষক এই বিভাগে [illegible] আছেন কিন্তু তার একার পক্ষে সব ক্লাস নেয়া সম্ভব নয়। আমি এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

সাইদা খান রোকী, ইংরেজী বিভাগ, চট্টগ্রাম কলেজ।